ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫২০
আগরতলা, ৩১ অক্টোবর, ২০২৫

## <u>সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী</u>

## এবছর রাজ্যের ৬টি জায়গায় ইউনিটি প্রমো ফেস্ট অনুষ্ঠিত হবে

ত্রিপুরায় পর্যটন শিল্পের বিকাশে এবং রাজ্যের পর্যটন কেন্দ্রগুলির নান্দনিকতা বিশ্বের পর্যটকদের কাছে তুলে ধরতে এবছরও প্রমো ফেস্ট'র আয়োজন করা হয়েছে। এবছর এর নাম দেওয়া হয়েছে ইউনিটি প্রমো ফেস্ট। এবছর রাজ্যের ৬টি জায়গায় ইউনিটি প্রমো ফেস্ট অনুষ্ঠিত হবে। ৮ নভেম্বর নারকেলকুঞ্জের অনুষ্ঠানের মধ্য দিয়ে শুরু হবে এবছরের ইউনিটি প্রমো ফেস্ট। আজ বিকেলে এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী।

গীতাঞ্জলি সরকারি অতিথিশালায় আয়োজিত সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী জানান, রাজ্যে পর্যটনের বিকাশে গতবছর প্রথম প্রমো ফেস্টের আয়োজন করা হয়েছিল। তাতে উল্লেখযোগ্য সাফল্য এসেছে। গতবছর রাজ্যের ৪টি স্থানে প্রমো ফেস্ট অনুষ্ঠিত হয়। এবছর প্রমো ফেস্টের সঙ্গে ইউনিটি কথাটি যুক্ত করা হয়েছে। কারণ জাতি জনজাতি অংশের মানুষের সংহতি ও ঐক্যবদ্ধ প্রয়াসেই রাজ্যে পর্যটনের বিকাশ করা সম্ভব হবে। এবছর রাজ্যের ৬টি জায়গায় দুইদিন করে ইউনিটি প্রমো ফেস্ট অনুষ্ঠিত হবে। পর্যটকদের কাছে প্রমো ফেস্ট আরও আকর্যনীয় করে তুলতে এবার প্রমো ফেস্টে ফুড ফেস্টিভেল, ফ্যাশন শো, খেলাধুলা এবং স্থানীয় সাংস্কৃতিক ঐতিহ্যকে যুক্ত করা হয়েছে। ফ্যাশন শোতে আমাদের রাজ্যের ১৯টি জনজাতি গোষ্ঠী এবং বাঙ্গালীদের চিরাচরিত পোষাক তুলে ধরা হবে। সাংস্কৃতিক অনুষ্ঠানে স্থানীয় প্রতিভাকে প্রচারের আলোয় নিয়ে আসার উদ্যোগ নেওয়া হয়েছে। কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে স্থানীয় লাইভলিহুডকে গুরুত্ব দেওয়া হবে। তিনি বলেন, ৮ ও ৯ নভেম্বর নারকেলকুঞ্জে আয়োজিত ইউনিটি প্রমো ফেস্টের দ্বিতীয় দিনে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন রাজ্যের খ্যাতনামা শিল্পী কৃষ্ণকলি সাহা এবং এলবার্ট কাবো লেপচা। ইউনিটি প্রমো ফেস্টের দ্বিতীয় অনুষ্ঠান হবে বিলোনীয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাবিদ্যালয় কলেজ মাঠে ১৫ এবং ১৬ নভেম্বর। দু'দিনব্যাপী অনুষ্ঠানের দ্বিতীয় দিনে সংগীত পরিবেশন করবেন প্রখ্যাত সংগীত শিল্পী পলক মুচ্ছাল।

পর্যটনমন্ত্রী জানান, ইউনিটি প্রমো ফেস্টে তৃতীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে উদয়পুরে, আগামী ১৯ এবং ২০ নভেম্বর। অনুষ্ঠানের দ্বিতীয় দিনে ২০ নভেম্বর সংগীত পরিবেশন করবেন সংগীত শিল্পী পাপন। জম্পুই পাহাড়ে ইউনিটি প্রমো ফেস্টের চতুর্থ অনুষ্ঠান হবে ২৯ ও ৩০ নভেম্বর। অনুষ্ঠানের দ্বিতীয় দিনে ৩০ নভেম্বর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন মিজোরামের ব্যান্ড। নীরমহলে ইউনিটি প্রমো ফেস্ট অনুষ্ঠিত হবে ৪ ও ৫ ডিসেম্বর। উৎসবের দ্বিতীয় দিনে সংগীত পরিবেশন করবেন সংগীত শিল্পী দেবজিত সাহা।

*****২য় পাতায়*

ইউনিটি প্রমো ফেস্টের সমাপ্তি অনুষ্ঠান হবে আগরতলায় স্বামী বিবেকানন্দ ময়দানে। আগামী ১২ ডিসেম্বর এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করবেন প্রখ্যাত সংগীত শিল্পী জুবিন নটিয়াল। পর্যটনমন্ত্রী আশা প্রকাশ করেন আগরতলায় আয়োজিত সমাপ্তি অনুষ্ঠান ঐতিহাসিক রূপ নেবে। তিনি বলেন, রাজ্যে পর্যটন শিল্পের বিকাশে পরিকাঠামো উন্নয়নের কাজ চলছে। তিনি জানান, গত বছর নারকেলকুঞ্জে প্রমো ফেস্ট'র সময়ে ৯ জনকে পর্যটকদের জন্য হোম স্টের ব্যবস্থা করতে লাইসেন্স দেওয়া হয়েছিল। ইতিমধ্যেই নারকেলকুঞ্জের আশেপাশে ২১০টি হোম স্টের ব্যবস্থা চালু হয়েছে। তিনি বলেন, অন্যান্য পর্যটন কেন্দ্রগুলিকে কেন্দ্র করেও হোম স্টে ব্যবস্থা শুরু হয়েছে। এই সুযোগ গ্রহণ করার জন্য তিনি আহ্বান জানান। পর্যটনমন্ত্রী আশা প্রকাশ করেন রাজ্য সরকারের আন্তরিক উদ্যোগের মাধ্যমে রাজ্যের পর্যটন শিল্পকে বিশ্ববাসীর কাছে পরিচিতি দেওয়া সম্ভব হবে।

সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা পর্যটন নিগমের এমডি প্রশান্ত বাদল নেগি ইউনিটি প্রমো ফেস্টের বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। উপস্থিত ছিলেন পর্যটন দপ্তরের যুগ্ম অধিকর্তা অনিরুদ্ধ রায়।

******